

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১  
হিলিমপুর, বগুড়া।

বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সম্মানিত গ্রাহক সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৯:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তর প্রাঙ্গনে সমিতির ৬ষ্ঠ বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হবে।

সভার অনুষ্ঠান সূচীঃ

সময়	বিষয়
০৯:০০-১১:০০	গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন, পারস্পারিক যোগাযোগ ও প্রদর্শনী পরিদর্শন।
১১:০১-১১:০৫	সভাপতি/পরিচালক মন্ডলী ও মহিলা পরিচালকবৃন্দের সভা মঞ্চে আসন গ্রহণ ও সভাপতি কর্তৃক উদ্বোধন।
১১:০৬-১১:১০	পবিত্র কোরআন তেলাওয়াত।
১১:১১-১১:১৫	কোরাম নির্ধারনকল্পে সদস্যগণের উপস্থিতিজনিত হিসাব প্রদান।
১১:১৬-১১:২০	৬ষ্ঠ বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি পাঠ।
১১:২১-১১:৩০	৫ম বার্ষিক সদস্য সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ।
১১:৩১-১২:৩০	বার্ষিক প্রতিবেদন পাঠ। (ক) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড মহোদয়ের প্রতিবেদন পাঠ। (খ) সভাপতি, সমিতি বোর্ড, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ মহোদয়ের প্রতিবেদন পাঠ। (গ) কোষাধ্যক্ষ, সমিতি বোর্ড, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ মহোদয়ের প্রতিবেদন পাঠ। (ঘ) জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ মহোদয়ের প্রতিবেদন পাঠ।
১২:৩১-১৩:০০	প্রশ্নোত্তর পর্ব।
১৩:০০-১৩:১৫	লটারী ড্র।
১৩:১৫-১৩:৪০	পুরস্কার বিতরণ।
১৩:৪০-১৩:৪৫	সভার সমাপ্তি ঘোষণা।

বার্ষিক সদস্য সভায় অংশগ্রহণকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয়ঃ

বিগত ১৬/০৮/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির ৬০তম নিয়মিত মাসিক বোর্ড সভার সিদ্ধান্ত নং-০৩/৬০/২০২২ অনুযায়ী আগামী ২৬/০১/২০২৩খ্রিঃ তারিখে বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হবে। সে আলোকে ২৯/১০/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রাপ্ত গ্রাহক সদস্যগণ আগামী ২৬/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বার্ষিক সদস্য সভায় অংশ গ্রহণ করতে পারবেন।

বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি প্রেরণঃ

এই বিজ্ঞপ্তি ডাক যোগে/বাহক মারফত বা অন্য কোন পন্থায় সকল সদস্যকে সমিতিতে তাঁদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হলেই বিজ্ঞপ্তি যথাসময়ে গ্রাহক সদস্য কর্তৃক প্রাপ্ত হয়েছে বলে বিবেচিত হবে।

গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশনঃ

বার্ষিক সদস্য সভায় গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গ্রাহক সদস্যগণকে সদস্য সার্টিফিকেট অথবা নভেম্বর'২০২২ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি ও জাতীয় পরিচয় পত্র সঙ্গে আনবার জন্য অনুরোধ করা হলো।

প্রশ্নপত্র প্রদানঃ

সম্মানিত গ্রাহক সদস্যদের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ থাকলে তা আগামী ১২/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ে দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে সমিতির সদর দপ্তরে পৌছানোর জন্য অনুরোধ করা হলো। বার্ষিক সদস্য সভার দিন কোন প্রশ্ন গ্রহণ করা হবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া সদস্যদের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যধারা সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সমিতির সম্মানিত সকল সদস্যদের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। বার্ষিক সদস্য সভা সমিতির সুষ্ঠু পরিচালনায় সম্মানিত সদস্যদের নিজ নিজ অধিকার প্রয়োগ ও দায়িত্ব পালনের সুযোগ এনে দেয়।

এমতাবস্থায় অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সম্মানিত গ্রাহক সদস্যদের বার্ষিক সদস্য সভায় যোগদান করার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাচ্ছে।



(মোঃ আছাফুদ্দৌলা)

সচিব

সমিতি বোর্ড